# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২ অর্থবছর

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২২ অর্থবছর

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
**bpi.gov.bd**

সম্পাদনায় : খেনচান
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ),
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

: মোঃ যুবাইর রহমান
বৈজ্ঞানিক কর্মকর্তা

: আব্দুল্লাহ আল্ নোমান
বৈজ্ঞানিক কর্মকর্তা

: মোঃ শরীফুল ইসলাম
সহকারী পরিচালক



প্রকাশনায় : **বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০**
**ফোন : ৮৮০-২-৪১০৯০০৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬**
**ওয়েব সাইট:**bpi.gov.bd

প্রকাশকাল : **সেপ্টেম্বর, ২০২২**

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



# মহাপরিচালকের বাণী

মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বাংলাদেশ নিম্ন আয়ের দেশ হতে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে। দেশের ক্রমবর্ধমান উন্নয়নে জ্বালানি শক্তির ভূমিকা অপরিসীম। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশে জ্বালানির চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এই চাহিদা পূরণে বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ খাতে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থায় কর্মরত পেশাজীবী কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করে কর্মদক্ষ জনবল গঠনের মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে আসছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বর্তমান সময়ের প্রাসঙ্গিক ও বাস্তবমুখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের জ্বালানি ও খনিজ সম্পদ অনুসন্ধান, উৎপাদন, বণ্টন, ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখে। বিপিআই দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমে দক্ষ জনবল তৈরি ও উন্নয়ন সাধন সম্ভব। দক্ষ জনবলই একটি সংস্থার বা প্রতিষ্ঠানের প্রকৃত সম্পদ। বিগত কয়েক বছরের মধ্যে ২০২১-২২ অর্থবছরে করোনা ভাইরাসের অতিমারীর মধ্যেও অন্যান্য বছরের মত অধিক সংখ্যক প্রশিক্ষণার্থী বিপিআই কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ করেন। করোনা অতিমারী সত্ত্বেও বিপিআই লক্ষ্যমাত্রার চেয়েও বেশি প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণের আয়োজন করতে সক্ষম হয়েছে। প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার বাস্তবায়নের হার ১০০ শতাংশেরও বেশি। আমরা আশা করছি আগামীতে বিপিআই কর্তৃক অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে। জ্বালানি ও খনিজ সম্পদ খাতে উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ, কর্মশালা ও গবেষণার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা ও গ্রহণযোগ্যতা অর্জনে বিপিআই অবিচল রয়েছে।

মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)

# সূচিপত্র


| ক্রমিক নং | পরিচ্ছেদ | | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| ১। | প্রথম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি | ০১ |
| ২। | দ্বিতীয় পরিচ্ছেদ | : | ফিরে দেখা সোনালি অতীত | ৫ |
| ৩। | তৃতীয় পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের চলমান কার্যক্রম | ১১ |
| ৪। | চতুর্থ পরিচ্ছেদ | : | বিপিআই এর জনবল কাঠামো | ১৪ |
| ৫। | পঞ্চম পরিচ্ছেদ | : | প্রশিক্ষণ কার্যক্রম | ১৬ |
| ৬। | ষষ্ঠ পরিচ্ছেদ | : | বিপিআই এর অর্জন | ২২ |
| ৭। | সপ্তম পরিচ্ছেদ | : | বাজেট ও হিসাব (২০২১ - ২০২২ অর্থবছর ) | ২৬ |
| ৮। | অষ্টম পরিচ্ছেদ | : | বিপিআই এর ভবিষৎ পরিকল্পনা | ২৮ |
| ৯। | উপসংহার | | | ২৯ |

# প্রথম পরিচ্ছেদ
# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

## ❖ ভূমিকা

১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট' নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। ১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬ সময়ব্যাপী দুই পর্যায়ে ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয় এবং উল্লিখিত সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিজস্ব ভবনটি বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ করা হয়। পরবর্তীতে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন-২০০৪' দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর অধীনে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবীদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, উচ্চতর গবেষণা, পেট্রোলিয়াম সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় উপাত্তের সমন্বয়ে একটি ব্যবস্থাপনা ডাটা ব্যাংক এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উদ্দেশ্য ছিল। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মূল ভবনটি কিছুটা সংস্কার, মেরামত ও আধুনিকায়ন করার মাধ্যমে অধিকতর মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে এ প্রতিষ্ঠানে সহায়ক পরিবেশ তৈরি হয়েছে।

বিপিআই এর পরিচালনা ব্যয় প্রশিক্ষণ হতে প্রাপ্ত আয়, সরকারের রাজস্বখাত, পেট্রোবাংলা ও বিপিসি হতে অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা নির্বাহ করা হয়। এছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য খাত হতে প্রাপ্ত অর্থ দ্বারাও বিপিআই এর ব্যয় নির্বাহ করা হয়। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত পেশাজীবীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যাদি এবং শিক্ষামূলক সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিতকরণ ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ইত্যাদি কার্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের নিকট ন্যস্ত করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কার্যক্রম ১০(দশ) সদস্য বিশিষ্ট গভর্নিং বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। এ পর্যন্ত বিপিআই গভর্নিং বোর্ডের ৭৬(ছিয়াত্তর) টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

## ❖ রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

## ❖ অভিলক্ষ্য (Mission)

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন।

## ❖ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন

**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর কার্যাবলি-**

(ক) তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তার উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা;

(খ) তেল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা;

(গ) বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারি, বেসরকারি সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচি গ্রহণ করা;

(ঘ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তেল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউট-কে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা;

(ঙ) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন সংক্রান্ত তথ্য প্রকাশ ও বিক্রয় করা;

(চ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও ইন্সটিটিউট পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য গভর্নিং বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে ‘‘ফি’’গ্রহণ করা;

ছ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরি ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরুপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

## ❖ গভর্নিং বোর্ড

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর কর্মকান্ড নিম্নবর্ণিত ১০ (দশ) জন বোর্ড সদস্যদের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক বোর্ডের সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।


| ক্রমিক নং | পদবী ও সংস্থার নাম | বোর্ডের সদস্য |
|---|---|---|
| (১) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | চেয়ারম্যান |
| (২) | চেয়ারম্যান, বিপিসি | সদস্য |
| (৩) | চেয়ারম্যান, পেট্রোবাংলা | সদস্য |
| (৪) | বিভাগীয় প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট | সদস্য |
| (৫) | যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (৬) | যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (৯) | বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১০) | মহাপরিচালক, বিপিআই | সদস্য সচিব |

## ❖ প্রাতিষ্ঠানিক সদস্য পদ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়ন সংশ্লিষ্ট একটি দেশীয় সমিতি ''Bangladesh Society for Training and Development (BSTD)'' এর প্রাতিষ্ঠানিক সদস্য।

## ❖ ইন্সটিটিউটের অবস্থান

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ঢাকা নগরীর শেষ প্রান্তে উত্তরার ৮ নম্বর সেক্টরের ৫/এ নং প্লটে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত।




চিত্র- ১ বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের অবস্থানগত মানচিত্র।

# দ্বিতীয় পরিচ্ছেদ
## ফিরে দেখা সোনালি অতীত

বাংলাদেশের পেট্রোলিয়াম খাতে অনুসন্ধান কার্যক্রম হতে শুরু করে তেল ও গ্যাস উৎপাদন, পরিশোধন এবং বিতরণে প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা এবং আনুষঙ্গিক সাহায্য এবং সহযোগিতা প্রদানের নিমিত্ত পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মত সংস্থা গঠনের পরিকল্পনা ১৯৭৮ সাল হতে নেয়া হয়েছিল। পরবর্তী সময়ে প্রকল্পটির প্রয়োজনীয়তা ও বাস্তবায়নের লক্ষ্যে আলাপ আলোচনার মাধ্যমে ১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসেবে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)' প্রতিষ্ঠার কাজ আরম্ভ হয়। দুই পর্যায়ে (১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬) সর্বমোট ১৯৬০.১৯ লক্ষ টাকায় (বৈঃ মুঃ যথাক্রমে ১১৭৫.৪৫ লক্ষ টাকা এবং স্থাঃ মুঃ ৭৮৪.৭৪ লক্ষ টাকা) ইউ এন ডি পি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে ১৯৯৬ সালে প্রকল্পটি শেষ হয়। প্রকল্প উত্তর সময়কালে ২০/০৭/১৯৯৮ খ্রিঃ তারিখে একনেক সভার সিদ্ধান্ত মতে PSC চুক্তি অনুযায়ী বিদেশি তেল কোম্পানি সমূহের কাছ থেকে প্রশিক্ষণের জন্য পেট্রোবাংলার প্রাপ্য অর্থ দ্বারা পরিচালিত হয়েছে। ঐ সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪ সনের ৬ নং আইন বলে সুষ্ঠু ব্যস্থাপনা ও দক্ষপরিচালনা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষিত ও দক্ষ জনশক্তি সৃষ্টিসহ গবেষণা ও উন্নয়ন কর্মকান্ড পরিচালনার লক্ষ্যে একটি ইন্সটিটিউট প্রতিষ্ঠার জন্য একটি পূর্ণাঙ্গ গবেষণা, উন্নয়ন ও প্রযুক্তি নির্ভর পেশাদারী প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করে। ইন্সটিটিউটের দায়িত্ব হিসেবে তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন, সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর এবং এ খাতে সম্পৃক্ত কাজের মান উন্নয়ন ইত্যাদি দায়িত্ব এ প্রতিষ্ঠানের উপর অর্পিত হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন ২০০৪ এর ৭ নং ধারা অনুযায়ী বিপিআই পরিচালনায় ১০(দশ) সদস্য বিশিষ্ট একটি গভর্নিং বোর্ড রয়েছে এবং বোর্ডের নির্দেশনা মতে যাবতীয় কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট সূচনালগ্ন থেকে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের গবেষণা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দক্ষ জনবল কাঠামো বিনির্মাণে প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি বিপিআই-এ অতীতে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে বিভিন্ন ধরনের উন্নতমানের গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

নিম্নে বিপিআইকর্তৃক পরিচালিত কিছু গবেষণার তালিকা উল্লেখ করা হলো:

| Serial No. | Research Topics |
|---|---|
| 1 | Joint study on the Petroleum systems of the Surma Basin, Bangladesh-(2018) Phase III. |
| 2 | Joint study report on Petroleum systems study of Surma Basin, Bangladesh (2010) Phase-II. |
| 3 | Gravity, magnetic, seismo-stratigraphic and structural characteristics of the North -Eastern Bengal Basin (Phase-II) |
| 4 | Joint research for the Petroleum Systems in the Bengal Basin. (November, 2002) |
| 5 | Seismic evidences on the occurrence of hydrocarbon in the Madarganj and Sariakandi areas of Jamalpur and Bogra districts respectively, (December, 2000) |
| 6 | Stratigraphic and structural features pertinent to the techtonic ceasing phase of the Surma Basin and Upliftment of the Madhupur tract regions of North-Eastern Bengal Basin. (June, 1999) |
| 7 | Gravity, magnetic, seismo-stratigraphic and structural characteristics of the North-Eastern Bengal Basin(Phase-1), June, 1997 |
| 8 | Mineralogical, crystalline and X-ray fabric study of the argillacious rocks of the Sitakund anticline. |
| 9 | Petrographic characterization of Neogene reservoir sandstones of Fenchuganj-2, Kamta-1 and Belabo-1 wells, Bangladesh. |
| 10 | Sedimentology and depositional environment of the Bengal Basin sub-surface Neogene succession based on detail facies and electrofacies analysis: A case study of the Kailashtilla, Rashidpur and Bakhrabad structures in norteastern Bangladesh. |
| 11 | Mineralogy and clay diagenesis of Neogene Shales from Patharia-5 Sitakund-1 wells, Eastern Folded belt, Bangladesh. |
| 12 | Deep seismic line LRU-4 in the Lalmai-Rukhia area-Processing and interpretation. |
| 13 | Resource assessment of the Kailashtial gas/condensate Field, October 1992 |
| 14 | Structural modeling of outcropping anticlines in the eastern folded belt of Bangladesh, Role Clay Diapirism-a regional synthesis. |
| 15 | Velocity distribution in Bengal basin, Bangladesh, September |
| 16 | The Crustal structure in Bangladesh, August 1991 |
| 17 | Haripur Structure-Sylhet, seismic interpretation, July 1991 |
| 18 | The Optimum Ratio of Propane and Butane in LPG, July 2022 |

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) প্রতি বছর বাংলাদেশ বিমানবাহিনী, বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ নৌবাহিনীর সদস্যদের জন্য "Storage, Handling and Maintenance of POL Products and Aircraft Refueling" শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করে থাকে। বিপিআই উক্ত প্রশিক্ষণসমূহে POLProducts সংশ্লিষ্ট প্রশিক্ষক নিয়োজিত করে উন্নতমানের প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে ব্যাপক প্রশংসা অর্জন করেছে। প্রতিবছর এ প্রশিক্ষণ আয়োজনের জন্য বিপিআই ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড এর সহায়তা বিভিন্ন কার্যক্রম গ্রহন করে থাকে।



চিত্র- ২: বাংলাদেশ বিমানবাহিনী, সেনাবাহিনী ও নৌবাহিনীর সদস্যদের জন্য আয়োজিত ২০২০-২১ সালের প্রশিক্ষণের সনদপত্র বিতরণ ও সমাপনী অনুষ্ঠান।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বিগত ২০১৯ সালে সর্বপ্রথম জ্বালানি ও খনিজ সম্পদ খাতে বেসরকারি প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের জন্য সচেতনতামূলক ও কারিগরি প্রশিক্ষণ আয়োজন করে চলেছে। বেসরকারি খাতে নিয়োজিত কর্মকর্তাদের জন্য সচেতনতামূলক ও কারিগরি প্রশিক্ষণ আয়োজন করে বিপিআই ব্যাপক সুনাম অর্জন করেছে। বিপিআই কর্তৃক বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেড ও ওমেরা এলপিজি লিমিটেড এর কর্মকর্তা/কর্মচারীগণের জন্য “এলপিজি সিলিন্ডার-এর সঠিক ব্যবহার ও নিরাপত্তা” শীর্ষক প্রশিক্ষণের আয়োজন প্রতিষ্ঠানটির প্রশিক্ষণ কার্যক্রমে নতুন মাত্রা যোগ করেছে। বিস্ফোরক পরিদপ্তর এর সহায়তায় বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেডের জন্য প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম।

এছাড়া, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বিভিন্ন সময়ে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে কর্মরত বিভিন্ন কোম্পানি/ দপ্তর/ সংস্থাসমূহে নবনিযুক্ত কর্মকর্তাদের জন্য স্বল্প মেয়াদী (৪ সপ্তাহ) বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করে থাকে। এসকল প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ দেশের তেল গ্যাস ও খনিজ সম্পদ খাতে অভিজ্ঞ (কারিগরি ও অকারিগরি) প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করে থাকেন।



চিত্র ৪: বিপিআই-এর সংক্ষিপ্ত বুনিয়াদি প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মেসবাহ কামাল চৌধুরী এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মোঃ আনিছুর রহমান মহোদয়।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট রাষ্ট্রীয়ভাবে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে বিপিআই সবসময়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে থাকে।তারই ধারাবাহিকতায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশে উত্তরণের অনন্য সাফল্য অর্জন করায় আনন্দ শোভাযাত্রায় বিপিআই অংশগ্রহণ করে। এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে প্রতি বছর বিপিআই পরিবারের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও আন্যান্য কর্মসূচী জাতীয় পর্যায়ে বিভিন্ন কার্যক্রমের সাথে সমন্বয়ের মাধ্যমে করা হয়।




চিত্র-৫: আনন্দ শোভাযাত্রায় বিপিআই-এর সদস্যবৃন্দ।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট প্রতি বছর কারিগরি প্রশিক্ষণ আয়োজন করে। প্রশিক্ষণের আওতায় প্রশিক্ষণের বিষয় সংশ্লিষ্ট প্রকল্প পরিদর্শনের ব্যবস্থা করা হয়। পরিদর্শনে কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থীগণ সরজমিনে সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহৃত যন্ত্রপাতি পদ্ধতি সম্পর্কে জ্ঞান অর্জন করেন।




চিত্র- ৬: ‘Design Construction Operation Maintenance of Gas Pipeline’ শীর্ষক প্রশিক্ষণের আওতায় মাঠ পরিদর্শনে প্রশিক্ষণার্থীগণ প্রকল্প প্ররিদর্শন করেন।

# তৃতীয় পরিচ্ছেদ
## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের চলমান কার্যক্রম

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট একটি স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে দক্ষ পেশাজীবী জনবল তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ ব্যবস্থাকে যুগোপযোগী উন্নয়নমূখী করার জন্য মনোনিবেশ করেছে। বিগত বছরে করোনা অতিমহামারী নানা প্রতিকূলতার মধ্যেও প্রশিক্ষণ কার্যক্রম একশত ভাগেরও বেশী সাফল্যজনকভাবে বাস্তবায়িত হয়েছে। জুম ব্যবস্থাপনার মাধ্যমে দক্ষ প্রশিক্ষকগণের তত্ত্বাবধানে সুষ্ঠভাবে সম্পন্ন করা হয়েছে। বর্তমান মহাপরিচালক যোগদান করার পর হতে তিনি বিপিআই এর জনবল কাঠামো ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছেন।

- বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটে প্রথমবারের মত বুনিয়াদী প্রশিক্ষণ সার্থকতার সাথে আয়োজিত হয়েছে । বুনিয়াদী প্রশিক্ষণের উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ মাহবুব হোসেন। বুনিয়াদী প্রশিক্ষণ আয়োজনের এ ধারা অব্যাহত রয়েছে।



চিত্র: বুনিয়াদি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সম্মানিত সিনিয়র সচিব মহোদয়ের হাতে উপহার তুলে দিচ্ছেন বিপিআই-এর সম্মানিত মহাপরিচালক মোঃ আমিনুল ইসলাম











চিত্র: বুনিয়াদি প্রশিক্ষণের কিছু খন্ডচিত্র

- দক্ষ জনবল কাঠামো বিনির্মাণে প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি বিপিআই-এ বর্তমানে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে বিভিন্ন ধরনের উন্নতমানের গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। গবেষণার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বিভিন্ন প্রতিষ্ঠান এবং বুয়েট, বিভিন্ন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে অভিজ্ঞ প্রফেসর, শিক্ষক, কর্মকর্তাদের উপস্থিতিতে কর্মশালা আয়োজন করা হচ্ছে।








চিত্র: গবেষণার জন্য আয়োজিত কর্মশালার খন্ডচিত্র

- নবনিযুক্ত কর্মকর্তাগণের মান উন্নয়ন ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে বই পর্যালোচনা (Book Review) অনুষ্ঠান নিয়মিতভাবে আয়োজন করা হচ্ছে।



চিত্র: বই পর্যালোচনা অনুষ্ঠানের কিছু খন্ডচিত্র

- বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) এ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস - ২০২২ উদযাপিত হয়।



চিত্র: বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপনের খন্ডচিত্র

- বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর চাকরি প্রবিধানমালা ২০১৬ এর ৪ নং প্রবিধান এবং বিপিআই এর গভর্নিং বোর্ডের ৭৬ তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী বিপিআই এর ৮ জন কর্মকর্তা-কর্মচারীর চাকরি স্থায়ী করা হয়।



চিত্র: স্থায়ীকৃত কর্মকর্তার হাতে অভিনন্দনস্বরূপ অফিস আদেশ তুলে দিচ্ছেন বিপিআই-এর মহাপরিচালক এবং পরিচালক মহোদয়

- বিপিআই এর প্রাক্তন সহকারী (লাইব্রেরী) মৃত সিদ্দিকুর রহমান ভূঁইয়া এর বিপিআই-তে চাকরিকালের বিপরীতে ১৮ (আঠারো) মাসের লাম্পগ্র্যান্ট (ছুটি নগদায়ন) বাবদ ৩,৯৩,৪৮০/-(তিন লক্ষ তিরানব্বই হাজার চারশত আশি) টাকার চেক প্রাক্তন সহকারী (লাইব্রেরী) মৃত সিদ্দিকুর রহমান ভূঁইয়া এর পক্ষে তাঁর স্ত্রী আসমা আক্তার (বিপিআই এর প্রাক্তন সহকারী (লাইব্রেরী) মৃত সিদ্দিকুর রহমান এর স্ত্রী ও তাঁর বৈধ ওয়ারিশগণের ক্ষমতাপ্রাপ্ত অবিভাবক) এর কাছে হস্তান্তর করেন বিপিআই এর সম্মানিত মহাপরিচালক জনাব মোঃ আমিনুল ইসলাম ও সম্মনিত পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব খেনচান। বিপিআই এর সকল কর্মকর্তা ও কর্মচারীর পক্ষ থেকে প্রাক্তন সহকারী (লাইব্রেরী) মৃত সিদ্দিকুর রহমান ভূঁইয়া এর বিদেহী আত্মার মাগফিরাত ও তাঁর পরিবারের সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।




চিত্র: বিপিআই এর প্রাক্তন সহকারী (লাইব্রেরী) মৃত সিদ্দিকুর রহমান এর স্ত্রী ও তাঁর বৈধ ওয়ারিশগণের কাছে চেক হস্তান্তর করা হচ্ছে

- বিপিআই এর প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বেগম এলিজা খানম কে তার বিপিআই তে চাকরিকালীন ১৮ মাসের ছুটি নগদায়ন(ল্যাম্পগ্রান্ট) এর ৪,৫৫,৭৬০ (চার লক্ষ পঞ্চান্ন হাজার সাতশত ষাট) টাকার এবং বিপিআই এর প্রাক্তন অফিস সহায়ক, বেগম জাহেদা খাতুনকে তার বিপিআই তে চাকরিকালীন ১৫ মাস ৩ দিনের ছুটি নগদায়ন(লাম্পগ্রান্ট) এর ২,৯৮,৫২৭ (দুই লক্ষ আটানব্বই হাজার পাঁচশত সাতাশ) টাকার চেক হস্তান্তর করেন বিপিআই এর সম্মানিত মহাপরিচালক জনাব মোঃ আমিনুল ইসলাম ও সম্মনিত পরিচালক(প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব খেনচান। বিপিআই এর সকল কর্মকর্তা ও কর্মচারীর পক্ষ থেকে বেগম এলিজা খানম এবং বেগম জাহেদা খাতুন এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।



চিত্র: বেগম এলিজা খানম এবং বেগম জাহেদা খাতুন এর হাতে চেক হস্তান্তর করা হচ্ছে

- বিপিআই এর প্রাক্তন অফিস সহায়ক, বেগম জাহেদা খাতুন এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বেগম এলিজা খানম কে বিদায়ী সংবর্ধনা দেবার জন্য আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিপিআই এর পরিচালক জনাব খেনচান এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বিপিআই এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ সামসুল আলম। বেগম জাহেদা খাতুন এবং বেগম এলিজা খানম তাদের সুদীর্ঘ কর্মজীবনে অত্যন্ত নিষ্ঠার সাথে তাদের দায়িত্ব পালন করেছেন। তাদের প্রতি বিপিআই এর পক্ষ থেকে রইল অনেক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।




চিত্র: বেগম এলিজা খানম এবং বেগম জাহেদা খাতুন এর হাতে সংবর্ধনা ক্রেস্ট প্রদান করা হচ্ছে

- এছাড়া বিপিআই ভবনে বিভিন্ন সংস্কার, মেরামত ও আধুনিকায়ন করার মাধ্যমে মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য বিপিআই-এর মহাপরিচালক মোঃ আমুনিল ইসলাম কাজ করে চলেছেন। গবেষণা ও

উন্নয়ন কার্যাদি, শিক্ষামূলক সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি ত্বরান্বিতকরণ ইত্যাদি বিষয়ে উৎকর্ষ সাধনে তিনি বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছেন। মূলত ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা, উন্নয়ন কার্যক্রমের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ দক্ষ প্রশিক্ষকগণের তত্ত্বাবধানে ওয়ার্কশপ / কর্মশালার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করেছেন। বিপিআই এর অভ্যন্তরীণ জনবলের প্রশিক্ষণ পরিচালনা এবং বহিরাগত প্রশিক্ষণার্থীগণের জন্য ডরমেটরি সুবিধা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ করা ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে তিনি বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছেন। বিপিআই ও এর পারিপার্শ্বিক এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও সৌন্দর্যবর্ধনে তিনি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন।

বিপিআইকে একটি আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান জনবল কাঠামোর উৎকর্ষ সাধন ও প্রশিক্ষণ সংক্রান্ত যুগোপযোগী যন্ত্রপাতি ও সফটওয়্যার উন্নয়ন এবং ডাইনিং ব্যবস্থাপনার উন্নয়নের বিষয়েও তিনি অধিক গুরুত্ব আরোপ করেন।

# চতুর্থ পরিচ্ছেদ

## বিপিআই এর জনবল কাঠামো

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বিগত ২০২০-২১ অর্থবছরে ৯ম গ্রেডের ১১টি পদে ও ১৩-১৬ গ্রেডের ৩টি পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিস অনুষদের মাধ্যমে স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে ৯ম গ্রেডের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়। এই নিয়োগের মাধ্যমে ৯ম গ্রেডের পদে ৭ জন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ৪ জন সহকারী পরিচালককে নিয়োগ প্রদান করা হয়। এছাড়া, বিপিআই এর নিজস্ব ব্যবস্থাপনায় ১৩-১৬ গ্রেডের পদে ৩ জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়। নবযোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। কর্মকর্তা ও কর্মচারীরা প্রশাসনিক ও দাপ্তরিক দায়িত্ব আন্তরিকতার সাথে পালনে সচেষ্ট রয়েছে। এ নিয়োগের ফলে বিপিআই এর জনবলজনিত সমস্যা অনেকটাই নিরসন হয়েছে।

### ❖ জনবল কাঠামোঃ

বিপিআই-এর বিদ্যামান জনবল চিত্র নিচে তুলে ধরা হলো:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ২। | পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ৩। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) | ০২ | ০০ | ০২ | |
| ৪। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩ | ০১ | ০২ | |
| ৫। | উপ-পরিচালক | ০২ | ০০ | ০২ | |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) | ০৮ | ০৭ | ০১ | |
| ৭। | সহকারী পরিচালক | ০৪ | ০৪ | ০০ | |
| | **২য়-৯ম গ্রেড মোট** | **২১** | **১৪** | **০৭** | |
| ৮। | হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার | ০১ | ০১ | -- | |
| ৯। | টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার) | ০২ | ০২ | -- | |
| ১০। | পিএ | ০৩ | ০১ | ০২ | |
| ১১। | নকশাকার | ০১ | ০১ | | |
| ১২। | সহকারী (স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরি) | ০৪ | ০৪ | -- | |
| ১৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ | ০২ | ০১ | |
| ১৪। | গাড়িচালক | ০৪ | ০৩ | ০১ | ২ জন আউটসোর্সিং এ নিয়োজিত |
| | **১৩-১৬তম গ্রেড মোট** | **১৮** | **১৪** | **০৪** | |
| ১৫। | ম্যাপ কপিয়ার/এমোনিয়া প্রিন্টার/পিপিসি অপারেটর | ০২ | ০২ | -- | |
| ১৬। | ল্যাব এটেনডেন্ট | ০১ | ০১ | -- | |
| ১৭। | দপ্তরী | ০১ | ০১ | -- | |
| ১৮। | অফিস সহায়ক | ০৬ | ০৬ | -- | |
| ১৯। | নিরাপত্তা প্রহরী | ০৩ | ০৩ | -- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২০। | ঝাড়ুদার | ০১ | ০১ | -- | |
| ২১। | মালী | ০১ | ০১ | -- | |
| | **১৭-২০তম গ্রেড মোট** | **১৫** | **১৫** | **--** | |
| | **সর্বমোট: (১ম+৩য়+৪র্থ)** | **৫৪** | **৪৩** | **১১** | |

বিপিআই এর জনবল কাঠামো অনুযায়ী বর্তমানে ১১ টি পদ শূন্য রয়েছে। তন্মধ্যে প্রথম শ্রেণির ০৭ টি পদ শূন্য আছে। তন্মধ্যে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) এর ১টি, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) এর ১টি এবং উপ-পরিচালক এর ১টি পদে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।

বিপিআই-কে একটি আন্তজার্তিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে হলে বর্তমান জনবল কাঠামোর পুনর্গঠন এবং প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রয়োজনীয় যুগোপযোগী যন্ত্রপাতি সংগ্রহ করা প্রয়োজন। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রত্যক্ষ সহযোগিতায় 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, কম্পিউটার এবং সফটওয়্যার (Training related equipments software ) ও আসবাবপত্র সংগ্রহ' শীর্ষক প্রকল্প প্রস্তাবনা করা হয়েছে।

# পঞ্চম পরিচ্ছেদ

## প্রশিক্ষণ কার্যক্রম

**প্রশিক্ষণ**

কোভিড- ১৯ অতিমারীতেও জুম ব্যবস্থাপনার মাধ্যমে প্রতিটি প্রশিক্ষণ দক্ষ যোগ্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ অভিজ্ঞ প্রশিক্ষকের অংশগ্রহণে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। বিপিআই-এর ২০২১-২২ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/ সংস্থা/ কোম্পানি সমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপণের জন্য ১৬ জুন, ২০২১ ইং তারিখে করোনা অতিমারীর জন্য অনলাইনে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বিপিআই এর ২০২১-২২ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণী-১) প্রণয়ন করা হয়, যা বিপিআই গভর্নিং বোর্ডের ৭২ তম সভায় অনুমোদিত হয়।

সারণী ১ : ২০২১-২২ অর্থবছরের অনুমোদিত প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার তালিকা

# Bangladesh Petroleum Institute (BPI)

**List of Online Training Courses for 2021-22**

**Training Courses:**

| Sl. No. | Name of the Training (Online) | Date and Duration |
|---|---|---|
| 1. | Office Management | 1-3 August, 2021 (3 days) |
| 2. | Human Resources Management (HRM) | 8-10 August, 2021 (3 days) |
| 3. | Annual Performance Agreement 2021-22: Guidelines and Execution Procedures. | 17-19 August, 2021 (3 days) |
| 4. | Project Management | 23- 25 August, 2021 (3 days) |
| 5. | Gas Network Analysis | 06-08 September, 2021 (3 days) |
| 6. | National Integrity Strategy [NIS] & Grievance Redress System [GRS] 2021-22: Guidelines and Execution Procedures. | 21 - 23 September, 2021 (3 days) |

| Sl. No. | Name of the Training (Online) | Date and Duration |
|---|---|---|
| 7. | Design, Construction, Operation & Maintenance of Gas Pipeline | 4-6 October, 2021 (3 days) |
| 8. | E-GP and Public Procurement Management | 01-03 November, 2021 (3 days) |
| 9. | Annual Confidential Report (ACR) Writing | 25 - 26 October, 2021 (2 days) |
| 10. | Ethics and Transparency in Public Service | 07-09 November, 2021 (3 days) |
| 11. | Fire Fighting, First Aid and Rescue Operation | 15-17 November, 2021 (3 days) |
| 12. | Office Management | 23-25 November, 2021 (3 days) |
| 13. | Sustainable Development Goal (SDG) align with Delta Plan and Vision-2021. | 06-08 December, 2021 (3 days) |
| 14. | E-GP and Public Procurement Management | 03-05 January, 2022 (3 days) |
| 15. | Geology for Nongeologist | 18-20 January, 2022 (3 days) |
| 16. | APA Performance, Monitoring, Evaluation & Related Topics | 08-10 February, 2022 (3 days) |
| 17. | International Contract and Negotiation | 07-09 March, 2022 (3 days) |
| 18. | Labor Act, Rules, Policies & Human Rights | 15-17 March, 2022 (3 days) |
| 19. | Material Engineering Codes and Standards | 22-24 March, 2022 (3 days) |
| 20. | Taxation and VAT Management | 04-06 April, 2022 (3 days) |
| 21. | Handling of Disciplinary Cases and Conducting Departmental Inquiry | 18-20 April, 2022 (3 days) |
| 22. | Occupational Safety, Health & Environmental (HSE) Management | 06-08 June, 2022 (3 days) |
| **Workshops :** | | |
| 1. | National Integrity Strategy [NIS] | 21 December, 2021 (1 day) |
| 2. | Service Process Simplification | 12 April, 2022 (1 day) |
| 3. | E-Governance and Innovation | 10 May, 2022 (1 day) |
| 4. | GRS (Grievence Redress System) | 30 May, 2022 (1 day) |

২০২১-২২ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডারে ২২ (বাইশ) টি প্রশিক্ষণ কোর্স ও ৪ (চার) টি কর্মশালা আয়োজনের সংস্থান রাখা হয়। করোনা অতিমারীর সকল প্রতিকূলতা পরাভূত করে ২০২১-২২ অর্থবছরের অনুমোদিত কোর্স ক্যালেন্ডার অনুযায়ী ৩০ জুন, ২০২২ তারিখ পর্যন্ত অনলাইনে ২২ (বাইশ) টি প্রশিক্ষণ কোর্স ও ৪ (চার) টি কর্মশালা সাফল্যজনকভাবে বাস্তবায়ন করা হয়েছে। উক্ত ২২ (বাইশ) টি প্রশিক্ষণে ৬৯১ (ছয়শত একানব্বই) জন ও ৪ (চার) কর্মশালায় ৪৯ (উনপঞ্চাশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।


অন্যদিকে ২০২১-২২ অর্থবছরে ৩০ জুন, ২০২২ পর্যন্ত ৮ (আট) টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে মোট ১০২ (একশত দুই) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। এছাড়াও ২০২১-২২ অর্থবছরে ৩০ জুন, ২০২২ পর্যন্ত ৭ (সাত) টি অনুরোধকৃত প্রশিক্ষণ, ১টি অনুরোধকৃত কর্মশালা এবং ১ টি বুনিয়াদি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সসমূহে মোট ৩০৮ (তিনশত আট) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বর্ণিত সময়ে সর্বমোট (৬৯১+৪৯+১০২+৩০৮) = ১,১৫০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২১-২২ অর্থবছরে প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার বাস্তবায়নের হার ১০০+%।

২০২১-২২ অর্থবছরে আয়োজিত দুই মাস ব্যাপী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের ১ম ব্যাচে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর বিভিন্ন দপ্তর/ সংস্থা/ কোম্পানি থেকে ৩১ (একত্রিশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। কোর্সটি করোনা পরিস্থিতির কারনে অনলাইনে শুরু হলেও পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর তা সরাসরি সম্পূর্ণ আবাসিকভাবে আয়োজন করা হয়। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) প্রতি বছরের মত ২০২১-২২ অর্থবছরেও বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের জন্য "Storage, Handling and Maintenance of POL Products and Aircraft Refueling" শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করেছে। বিপিআই উক্ত প্রশিক্ষণসমূহে POL Products সংশ্লিষ্ট প্রশিক্ষক নিয়োজিত করে উন্নতমানের প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে ব্যাপক প্রশংসা অর্জন করেছে।


বিপিআই এর ২০২১-২২ অর্থবছরে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালায় বাংলাদেশের স্বনামধন্য ও অভিজ্ঞ প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করেছেন। তন্মধ্যে জনাব ম. হুমায়ুন কবীর, সাবেক রাষ্ট্রদূত / সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, জনাব মোঃ মেজবাহ কামাল, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব মোঃ মাহবুব হোসেন, সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, জনাব মোঃ আমিনুল ইসলাম খান, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, জনাব মোঃ মোকাম্মেল হোসেন, অতিরিক্ত সচিব, নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান বিভাগ,

জনাব মোঃ মোস্তা গাওসুল হক, প্রিন্সিপাল প্রজেক্ট ম্যানেজমেন্ট কনসালটেন্ট, সিপিটিইউ, আইএমইডি, জনাব শীষ হায়দান চৌধুরী, সদস্য (যুগ্ম সচিব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন প্রমূখ উল্লেখযোগ্য।


নিম্নে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপ এ অংশগ্রহণকারীর সংখ্যা পাই চিত্রের মাধ্যমে প্রদর্শন করা হল।





চিত্র- ১৪: ২০২১ – ২২ অর্থবছরে বাস্তবায়িত কোর্সের সংখ্যা।





চিত্র- ১৫: ২০২১ – ২২ অর্থবছরে বাস্তবায়িত কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।





চিত্র- ১৫: ২০২১ – ২২ অর্থবছরে বাস্তবায়িত কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র- ১৫: ২০২১ – ২২ অর্থবছরে বাস্তবায়িত কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র- ১৫: ২০২১ – ২২ অর্থবছরে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অনুরোধে বাস্তবায়িত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র- ১৫: বিগত অর্থবছর ও ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যার তুলনামূলক চিত্র।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ প্রদান ও কর্মশালা সংক্রান্ত কিছু কার্যক্রমের চিত্র নিম্নে প্রদান করা হলোঃ




চিত্র- ১৭: ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালার কিছু খন্ডচিত্র।






চিত্র- ১৮: ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালার কিছু খন্ডচিত্র।

# গবেষণা কার্যক্রম

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট সূচনালগ্ন থেকে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের গবেষণা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দক্ষ জনবল কাঠামো বিনির্মাণে প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি বিপিআই-এ অতীতে ও বর্তমানে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে বিভিন্ন ধরনের উন্নতমানের গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২০২১-২২ অর্থবছরে বিপিআই "A Study on Optimum Ratio of Propane and Butane Mixture in LPG and Effects of Impurities for Different Usages" শিরোনামে এলপিজি (Liquefied Petroleum Gas-LPG) বিষয়ে গবেষণা কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে। এ গবেষণায় এলপিজি নমুনায় প্রাপ্ত প্রোপেন, বিউটেনসহ অন্যান্য রাসায়নিক দ্রব্যের পরিমাণ/অনুপাত ও প্রভাব সম্পর্কে আলোকপাত করা হয়। এর ধারাবাহিকতায় বর্তমান অর্থবছরেও উচ্চতর গবেষণা কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

# ষষ্ঠ পরিচ্ছেদ

## বিপিআই এর অর্জন

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (The Annual Performance Agreement)**

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর সঙ্গে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর বার্ষিক ২০২০-২১ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিপিআই এর কার্যসম্পাদনের মান অত্যন্ত ভাল।

**শুদ্ধাচার**

বিপিআই, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন কাঠামো প্রণয়ন করে এবং সে অনুযায়ী সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট হয়। উল্লেখ করা প্রয়োজন যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের ২য়-৯ম গ্রেডভুক্ত জনাব মোঃ জিসান ফারদিন, বৈজ্ঞানিক কর্মকর্তা এবং ১০ম-১৬তম গ্রেডভুক্ত কর্মচারী জনাব মোঃ মকবুল আলম, টেকনিশিয়ান ও ১৭তম-২০তম গ্রেডভুক্ত কর্মচারী জনাব মোঃ সোলায়মান হোসেন , অফিস সহায়ক মোট ৩(তিন) জন কর্মকর্তা এবং কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

**ইনোভেশন কার্যক্রম**

২০২১-২২ অর্থবছরে বিপিআই এর ইনোভেশন কার্যক্রম এর আওতায় ৪ (চার) টি চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় করণীয় সম্পর্কে অবহিতকরণ কর্মশালা আয়োজন হয় যাতে মোট ১১৫ (একশত পনের) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। এছাড়াও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আওতায় ৪ (চার) টি প্রশিক্ষণে মোট ৮৬ (ছিয়াশি) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বিপিআই এর ইনোভেশন কার্যক্রমের আওতায় ভান্ডার শাখার স্টক কন্ট্রোল সফটওয়্যার স্থাপন করা হয় যার মাধ্যমে ভান্ডার শাখার যাবতীয় মালামাল এর সার্বিক গতিবিধি নিশ্চিত করা হয়। বিপিআই এর ইনোভেশন কার্যক্রম দেশে/বিদেশে বাস্তবায়িত একটি ইনোভেশন কার্যক্রম পরিদর্শন এর আওতায় বিপিআই এর মোট ৮ জন কর্মকর্তা ‘সৈকত খনিজ বালি আহরণ কেন্দ্র’ পরিদর্শন করেন।




চিত্র- ৭ ‘সৈকত খনিজ বালি আহরণ কেন্দ্র’ পরিদর্শন এর খন্ডচিত্র।

## বিপিআই এর সৌন্দর্য বর্ধন

বিপিআই এর পারিপার্শিক এলাকার সৌন্দর্যবর্ধনে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিপিআই ভবনের আঙ্গিনায় নানা জাতীয় ফুল ও ফলজ এবং ঔষধি বৃক্ষ সমৃদ্ধ একটি বাগান রয়েছে। বিপিআই এর মূল ভবনের ছাদে একটি সুদৃশ্য ফুল ও ফলের বাগান স্থাপন করা হয়েছে। ছাদ বাগানের উন্নয়ন কাজ চলমান রয়েছে।




চিত্র ২১: বিপিআই প্রাঙ্গণে সুদৃশ্য বাগান।




চিত্র- ২২: বিপিআই কার্যালয়ের ছাদ বাগান।

**গ্রন্থাগার উন্নয়ন**

প্রশিক্ষক, অনুষদের সদস্যগণ ও গবেষকগণের চাহিদা মেটাতে বিপিআই-এ একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। প্রায় ৩০০০টি পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগারটিতে বেশির ভাগ কারিগরি বিষয়ের বই রয়েছে। তাছাড়া কিছু বিদেশি জার্নাল, প্রশাসনিক ও অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। প্রতিবেদনাধীন সময়ে 'নির্বাচিত ১০০ ভাষণ', 'বাংলাদেশের অগ্রগতি ও সমৃদ্ধির দশবছর ২০০৯-২০১৮', 'চাকরির বিধানাবলী' বই গ্রন্থাগারের জন্য সংগ্রহ করা হয়। গ্রন্থাগারের বই উত্তোলন ও জমার ব্যবস্থা খাতায় লিপিবদ্ধ করে পরিচালনা করা হয়।

এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কিত বিভিন্ন গ্রন্থ সন্নিবেশিত করা হয়েছে। কিছু বইয়ের তালিকা নিম্নরূপ:

| ক্রমিক নং | গ্রন্থের নাম | লেখকের নাম |
|---|---|---|
| ১। | অসমাপ্ত আত্মজীবনী | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| ২। | কারাগারের রোজনামচা | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |

| | | |
|---|---|---|
| ৩। | মুজিব ভাই | এবি এম মূসা |
| ৪। | বঙ্গাবন্ধুর কারাজীবন | দিব্যদ্যুতি সরকার |
| ৫। | বঙ্গাবন্ধুর রাষ্ট্রচিন্তা ও বর্তমান বাংলাদেশ | শামসুজ্জামান খান |
| ৬। | সারেন্ডার অ্যাট ঢাকা<br>একটি জাতির জন্ম | লে জেনারেল জে এফ আর জেকব |
| ৭। | The Cruel Birth of Bangladesh | Archer K Blood |



চিত্র- ২৪: বিপিআই-এর গ্রন্থাগার।

# সপ্তম পরিচ্ছেদ

## বাজেট ও হিসাব (২০২১-২২ অর্থবছর)

**বাজেট ও হিসাব**

বিপিআই এর আর্থিক হিসাব ও ব্যবস্থাপনার জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, লেনদেনসহ আর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব এ শাখা পালন করে থাকে।

বিপিআই একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। বিপিআই এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারি অনুদান

(খ) পেট্রোবাংলার অনুদান

(গ) বিপিসির অনুদান

(ঘ) নিজস্ব আয়

**২০২১-২২ অর্থবছরের আয়**

| ক্রমিক নং | উৎস | পরিমাণ |
|---|---|---|
| ১। | সরকারি অনুদান | ২,৮৪,৪৯,৯৫০.০০ |
| ২। | পেট্রোবাংলা | ৮০,০০,০০০.০০ |
| ৩। | বিপিসি | ১৫,০০,০০০.০০ |
| ৪। | প্রশিক্ষণ ফি ও অন্যান্য | ৬০,৪৬,৫৬২.০০ |
| ৫। | নিজস্ব তহবিল বিনিয়োগ থেকে অর্জিত সুদ | ৮৮,২৬,৬৬৫.২৫ |
| | মোট | ৫,২৮,২৩,১৭৭.৯৫ |

বিপিআই পরিচালনার জন্য ২০২১-২২ অর্থবছরে ৫,৫৮,৮৫,০০০/- (পাঁচ কোটি আটান্ন লক্ষ পঁচাশি হাজার) টাকার বাজেট (মূল বাজেটে) গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত ছিলো। তবে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৪,১৪,২২,৫২৩/২৫ (চার কোটি চৌদ্দ লক্ষ বাইশ হাজার পাঁচশত তেইশ টাকা পঁচিশ পয়সা) টাকা অনুমোদিত হয়। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটের বিপরীতে সর্বমোট ব্যয় হয় ৩,০৪,৬৪,৯২৯/৫৬ (তিন কোটি চার লক্ষ চৌষট্টি হাজার নয়শত উনত্রিশ টাকা ছাপ্পান্ন পয়সা) টাকা।

উল্লেখ্য, বিপিআই এর ২০২১-২২ অর্থবছরের বাজেটে সরকারের সাধারণ মঞ্জুরী অনুদান হিসাবে প্রাপ্ত ২,৮৪,৪৯,৯৫০ (দুই কোটি চুরাশি লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা হতে জুলাই, ২০২১ হতে জুন, ২০২২ মাস পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতা খাতে ব্যয় হয় ২,৫৯,৩৮,০৯৯/১৭ (দুই কোটি উনষাট লক্ষ আটত্রিশ হাজার নিরানব্বই টাকা সতের পয়সা) টাকা এবং অবশিষ্ট অব্যয়িত ২৫,১১,৮৫০/৮৩ (পঁচিশ লক্ষ এগার হাজার আটশত পঞ্চাশ টাকা তিরাশি পয়সা) টাকা সরকারি কোষাগারে সমর্পন / ফেরত প্রদান করা হয়।

**হিসাব নিরীক্ষা:**

বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তর (পূর্বের বাণিজ্যিক অডিট অধিদপ্তর) কর্তৃক বিপিআই এর ২০১০-১২ সময়কালের আর্থিক নিরীক্ষার ১টি এবং ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষার ৪টিসহ মোট ৫টিঅডিট আপত্তি অনিষ্পন্ন আছে। উল্লেখ্য, গত ১৭/০৬/২০১৯ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তরে অনুষ্ঠিত Exit Meeting- এ ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষায় ৩টি অডিট আপত্তিনিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। Exit Meeting-এর সিদ্ধান্ত অনুযায়ী বিপিআই এর ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষার ৩টি অডিট আপত্তিনিষ্পত্তিমূলক পত্র জারির বিষয়ে উক্ত অডিট অধিদপ্তরে পত্র প্রেরণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্রের বিষয়ে এখন পর্যন্ত কোনো জবাব পাওয়া যায়নি। উক্ত ৩টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তরের সাথে আলোচনা করার জন্য দ্বি-পক্ষীয় সভা আয়োজনের দিন-ক্ষণ নির্ধারণের বিষয়ে বিপিআই হতে ১০/০৩/২০২০, ১৮/১০/২০২০ এবং ১৮/০১/২০২১ তারিখে প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে অডিট অধিদপ্তর হতে পত্র পাওয়া গেছে। উক্ত পত্রে অডিট অধিদপ্তর জানিয়েছে যে, Exit Meeting-এর সুপারিশ অনুযায়ী দ্বি-পক্ষীয় সভা আহবানের সুযোগ নেই। Exit Meeting-এর সুপারিশ অনুযায়ী বিপিআই-এর ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষার ৩টি অডিট আপত্তির নিষ্পত্তিমূলক পত্র জারির বিষয়ে বিপিআই হতে ০২/০৩/২০২১ তারিখে উক্ত অডিট অধিদপ্তরে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষার বর্ণিত ৩টি অডিট আপত্তির নিষ্পত্তিমূলক পত্র জারি করার জন্য ০১/০৩/২০২২ তারিখে অডিট অধিদপ্তরে তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের পরামর্শক্রমে বিপিআই এর ২০১২-১৩ অর্থ বছর হতে ২০১৭-১৮ অর্থ বছর পর্যন্ত সময়কালের আর্থিক নিরীক্ষার ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের জন্য সভার দিন-ক্ষণ নির্ধারণের লক্ষ্যে ০১/০৯/২০২২ তারিখে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।

# অষ্টম পরিচ্ছেদ

## বিপিআই এর ভবিষ্যৎ পরিকল্পনা

বিপিআইকে একটি আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান জনবল কাঠামোর উৎকর্ষ সাধন ও যুগপোযোগী যন্ত্রপাতি দ্বারা সজ্জিতকরণের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পরিকল্পনাসমূহ বাস্তবায়িত হলে গবেষণা ও উন্নয়ন, শিক্ষামূলক সমীক্ষা পরিচালনা এবং প্রযুক্তি ত্বরান্বিতকরণ হবে। বিপিআই এর সক্ষমতা বৃদ্ধি পাবে। পরিকল্পনাসমূহ নিম্নরূপ:

- ‘বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training Related Equipments Software ) ও আসবাবপত্র সংগ্রহ’ শীর্ষক প্রকল্প গ্রহণ এবং বর্তমান জনবল কাঠামোকে পুনর্গঠন করা।
- বিপিআই কে একটি গতিশীল প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে এর জনবল কাঠামো সংস্কার ও অর্গানোগ্রাম পুনর্গঠনের কার্যক্রমগ্রহণ । এবং ভবিষ্যতে সৃষ্ট শূন্য পদসমূহে দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পাদন করা।
- প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ এবং বিপিআই কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৬ অনুযায়ী বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীগণ প্রদেয় ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্ত হবেন। প্রদেয় ভবিষ্য তহবিল গঠনের লক্ষ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর কমকর্তা ও কর্মচারীগণের জন্য ‘বিপিআই (কর্মচারী) প্রদেয় ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২২’ এর খসড়া চূড়ান্ত করে প্রদেয় ভবিষ্য তহবিল পরিচালনা।
- বিপিআই-কে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিশ্বের বিখ্যাত সমজাতীয় প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে যৌথভাবে প্রশিক্ষণ ও গবেষণা সংশ্লিষ্ট কর্মকান্ড পরিচালনা।
- দেশের অভ্যন্তরে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে নিয়োজিত বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে গবেষণা কার্যক্রম পরিচালনা।
- জ্বালানি ও খনিজ সম্পদ খাতের উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণ।

# উপসংহার

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে নিয়োজিত জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করে আসছে। বিপিআই অপ্রতুল জনবল, ভৌত সুবিধাদি, প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার ও আসবাবপত্রের যে সংকট রয়েছে তা সুরাহা করার জন্য ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করেছে। এ সকল উদ্যোগের ফলে আশা করা যায়, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি ও এ খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে। প্রতিষ্ঠানটি অচিরেই সকল সমস্যা কাটিয়ে উঠে তার উপর ন্যস্ত দায়িত্ব পালনে সক্ষম হবে। জ্বালানি খাতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে এ ইন্সটিটিউট তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ প্রক্রিয়ার সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন সংস্থা ও দপ্তরের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে।

----*****----